



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা

একাডেমিক ও স্কলারশিপ শাখা

রেজিস্ট্রার এর কার্যালয়

টেলিফোন: (০২৫৮৮৮৪৩৬৯৪)

ইমেইল : academic@pust.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং-পাবিপ্রবি/একা/২২৫/৬২

তারিখ: ১৮/০১/২০২৩ খ্রি.

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

GST গুচ্ছভুক্ত পদ্ধতিতে স্নাতক (ইঞ্জিনিয়ারিং/সম্মান), বি.বি.এ, বিএসএস, ব্যাচেলর অব আর্কিটেকচার ও বি. ফার্ম. প্রফেশনাল প্রোগ্রামে
১ম বর্ষে (শিক্ষাবর্ষ: ২০২১-২০২২) শিক্ষার্থী ভর্তির

বিজ্ঞপ্তি

২০২১-২০২২ শিক্ষাবর্ষের GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষা পদ্ধতিতে A, B এবং C ইউনিটে ১ম মেধা তালিকা হতে ৮ম মেধা তালিকা পর্যন্ত (কোটা সহ) যে সকল শিক্ষার্থী ৫০০০/- (পাঁচ হাজার) টাকা জমা দিয়ে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে প্রাথমিক ভর্তি হয়েছেন এবং পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে মাইগ্রুটেড হয়েছেন, সে সকল শিক্ষার্থীদেরকে (যারা এ বিশ্ববিদ্যালয়ে চূড়ান্তভাবে ভর্তি হতে ইচ্ছুক) আগামী ২২, ২৩, ২৪ ও ২৫ জানুয়ারি ২০২৩ খ্রি. তারিখ যথাক্রমে রোজ রবিবার, সোমবার, মঙ্গলবার ও বুধবার সকাল ১০:০০ ঘটিকা হতে বিকাল ৩:০০ ঘটিকার মধ্যে সংযুক্ত তালিকা অনুযায়ী স্বশরীরে হাজির হয়ে নিম্নে উল্লেখিত প্রয়োজনীয় ‘সনদপত্র’ ও ‘ফি’ সমূহ জমা দিয়ে চূড়ান্ত ভর্তি হওয়ার জন্য বলা হলো, অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের নিম্নে উল্লেখিত পদ্ধতিতে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

০১। ভর্তির জন্য নির্বাচিত প্রার্থী <https://pust.gstadmission.online> ওয়েবসাইটের মাধ্যমে ID ও Password ব্যবহার করে login করলে যে বিভাগে ভর্তির জন্য নির্বাচিত হয়েছে তা প্রদর্শিত হবে। সংশ্লিষ্ট বিভাগের ভর্তি ফরমটি যথাযথভাবে পূরণ করলে সকল তথ্য সম্বলিত PDF ফরম পাওয়া যাবে। প্রাপ্ত PDF ফরমটি A4 সাইজের অফসেট কাগজে দুই কপি প্রিন্ট নিতে হবে। ফরমটি পরবর্তীতেও প্রিন্ট করা যাবে। অনলাইনে ভর্তি ফরম পূরণের জন্য নিম্নে উল্লেখিত বিষয়সমূহ বিশেষভাবে লক্ষণীয়:-

- GST কর্তৃক প্রদত্ত ID ও Password। প্রয়োজনে GST ওয়েবসাইটের মাধ্যমে ID/Password জানা যাবে।
- রক্তের গ্রুপ (Blood Group) অবশ্যই জানা থাকতে হবে।
- NID/Birth Certificate Number অথবা উভয়টি।
- সংশ্লিষ্ট বিভাগে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তির যাবতীয় প্রক্রিয়া অবশ্যই সম্পন্ন করতে হবে।

০২। ভর্তির সময় নিম্নে বর্ণিত কাগজপত্র জমা দিতে হবে [বি: দ্র: শিক্ষার্থীদের আইসিটি সেলে (প্রশাসনিক ভবনের ৫ম তলা) ফাইনাল ভর্তি কনফার্ম করে হল প্রভোস্ট (ছাত্রদের জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল ও ছাত্রীদের জন্য শেখ হাসিনা হল) এর স্বাক্ষর গ্রহণ করে প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে:]

- পূরণকৃত ভর্তি ফরমের দুই কপি প্রিন্ট (A4 সাইজের অফসেট কাগজে)।
- এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান-এর মূল সার্টিফিকেট, মূল নম্বরপত্র ও সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত মূল প্রশংসাপত্র।
- প্রাথমিক ভর্তির সময় নম্বরপত্রসমূহ দাখিলের রশিদ।
- এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান-এর সার্টিফিকেট, নম্বরপত্র ও সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি ০১ (এক) সেট।
- ভর্তি পরীক্ষায় পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত মূল প্রবেশপত্র।
- সদ্য তোলা পাসপোর্ট সাইজের (ল্যাব প্রিন্ট) ০৪ (চার) কপি রঙিন সত্যায়িত ছবি।

০৩। বিভাগ ভিত্তিক প্রয়োজনীয় ‘ফি’ এর পরিমাণ নিম্নে দেয়া হলো:

ক্র: নং	অনুষদের নাম	বিশ্ববিদ্যালয় ফি	সিলেবাস, শিক্ষা ও গবেষণা সহায়ক ফি	অনুষদ ফি	হল উন্নয়ন ফি	সর্বমোট টাকা
i.	ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ (CSE, EEE, EECE, ICE, Civil Eng, Architecture, URP)	১০,০০০	৪,০০০	৫০০	২০০	১৪,৭০০
ii.	বিজ্ঞান অনুষদ (Mathematics, Physics, Pharmacy, Chemistry, Statistics)	১০,০০০	৪,০০০	৫০০	২০০	১৪,৭০০
iii.	জীব ও ভূ-বিজ্ঞান অনুষদ (Geography and Environment)	১০,০০০	৪,০০০	৫০০	২০০	১৪,৭০০
iv.	ব্যবসায় শিক্ষা (Business Administration, THM)	১০,০০০	৩,৫০০	৫০০	২০০	১৪,২০০
v.	মানবিক ও সামাজিক বিজ্ঞান অনুষদ (Economics, Bangla, Social Work, English, Public Ad. HBS)	১০,০০০	৩,৫০০	৫০০	২০০	১৪,২০০

* GST-এর কোন বিশ্ববিদ্যালয়ে ইতোমধ্যে অনলাইনে ভর্তি হয়ে থাকলে (৭ম পর্যায় পর্যন্ত) ও ৮ম পর্যায়ে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে প্রাইমারি ভর্তি সম্পূর্ণ করলে ভর্তি ফি বাবদ ৫০০০.০০ টাকা কম জমা দিতে হবে (অর্থাৎ ১৪৭০০-৫০০০= ৯৭০০ বা ১৪২০০-৫০০০= ৯২০০ টাকা)।

ক) ভর্তি ফি সমূহ:

- বিশ্ববিদ্যালয় নির্ধারিত ‘ফি’ সমূহ জনতা ব্যাংক লিমিটেড, পাবনা বিজ্ঞান প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখায় “**PUST GST Admission Fund**” (হিসাব নং ০১০০২৩৪৩০১৪৯১)-এ জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। ভর্তি ফি প্রদানের মূল রশিদ নির্ধারিত সময়ের মধ্যে অফিসে জমা দিতে হবে। অন্যথায় ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে না এবং প্রার্থীতা বাতিল হবে।

বিশেষ শর্তাবলী: শিক্ষার্থীর প্রদত্ত তথ্যাবলীতে কোন অসংগতি পরিলক্ষিত হলে ভর্তি/প্রার্থীতা বাতিল করা হবে। ফলাফলে ভুলক্রটি পরিলক্ষিত হলে কর্তৃপক্ষ তা সংশোধন/বাতিল করতে পারবে।

(বিজন কুমার ব্রহ্ম)
রেজিস্ট্রার

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।